

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 23 April, 2025

ঝিনাইদহ শহরের হামদহ আলহেরা মোড়ে ট্রাকের চাপায় বাদল মোল্লা (৫৫) নামের এক নৈশ প্রহরীর মৃত্যু হয়েছে। বুধবার সকাল ৫ টার দিকে এ ঘটনা ঘটে।

নিহত বাদল মোল্লা সদর উপজেলার ছোট কামারকুড়ু উত্তর পাড়া গ্রামের মোকছেদ আলীর ছেলে এবং সে আলহেরা মোড় এলাকায় নৈশ প্রহরীর দায়িত্ব পালন করতো স্থানীয়রা জানায়, ভোরে দায়িত্ব পালনের এক পর্যায়ে রাস্তার পশ্চিম পাশে দাড়িয়ে ছিল বাদল মোল্লা। সেসময় কালীগঞ্জ থেকে ঝিনাইদহ শহরগামী একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই মারা যায় বাদল মোল্লা।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের পরিদর্শক তানভীর হাসান জানান, খবর পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে আসে এবং মৃতদেহ পুলিশের কাছে হস্তান্তর করে।

ঝিনাইদহ নৈশ প্রহরী ট্রাকের চাপা